

তারিখঃ ১৮-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের বর্তমান কার্যনির্বাহী কমিটি উদীয়মান ও প্রতিভাবান তরুণ খেলোয়াড় সৃষ্টিসহ ফুটবলের পুনঃ জাগরণের ও দেশের ফুটবলের উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষিতে সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন কর্তৃক আয়োজিত ‘সার্ব অ-১৫ চ্যাম্পিয়নশীপ ২০২১’ ও ‘সার্ব অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০২২’ সহ এশিয়ান ফুটবল কনফেডারেশন কর্তৃক আয়োজিত ‘এএফসি অ-১৭ চ্যাম্পিয়নশীপ ২০২৩, কোয়ালিফায়ার্স’ এর খেলা ২০২২ সালে অনুষ্ঠিত হবে। উক্ত চ্যাম্পিয়নশীপ ও কোয়ালিফায়ার্সে যথাক্রমে বাংলাদেশ অ-১৫, অ-১৬ ও অ-১৭ জাতীয় ফুটবল দল (জন্ম: ০১-০১-২০০৬ হতে তদুর্ধ্ব) অংশগ্রহণ করবে।

উক্ত প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণের লক্ষ্যে বয়সভিত্তিক প্রতিভাবান খেলোয়াড়দের নিয়ে বাফুফে’র দীর্ঘমেয়াদী আবাসিক প্রশিক্ষণ ক্যাম্প খুব শীঘ্রই শুরু হতে যাচ্ছে। এই লক্ষ্যে গত ৩০ জানুয়ারী হতে ১৫ ফেব্রুয়ারী ২০২১ তারিখ পর্যন্ত জেলায় পর্যায়ক্রমে প্রতিভাবান ফুটবল খেলোয়াড় অন্বেষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

জেলা হতে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে আগামী ১৯ ফেব্রুয়ারী ২০২১ তারিখ বিভাগীয় পর্যায়ে ৮টি বিভাগ যথাক্রমে; চট্টগ্রাম (১৭৪ জন), খুলনা (১৪২ জন), বরিশাল (৭৪ জন), রাজশাহী (১৪৪ জন), সিলেট (৮৪ জন), রংপুর (১৬৯ জন), ময়মনসিংহ (১৬৭ জন) ও ঢাকা (১২৮ জন) কার্যক্রম অনুষ্ঠিত হবে। ঢাকা বিভাগে কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে সকাল ১০:০০ ঘটিকায় বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে।

উক্ত খেলোয়াড় বাছাই কার্যক্রম অনুষ্ঠানে সকল ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সকল সম্মানীত ক্রীড়া সাংবাদিক এবং ফটো সাংবাদিকবৃন্দকে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।